মানিকগঞ্জে ডিসি কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

মানিকগঞ্জ জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয়ের সামনে দুটি ককটেল বিস্ফোরণ ঘটিয়ে পালিয়েছে দুর্বৃত্তরা। সোমবার (৯ নভেম্বর) সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটের দিকে মোটরসাইকেলে এসে এ বিস্ফোরণ ঘটানো হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, মোটরসাইকেলে আসা দুর্বৃত্তরা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ককটেল দুটি বিস্ফোরণ ঘটিয়ে দ্রুত সটকে পড়ে। বিকট শব্দে আশপাশের এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। তবে এ ঘটনায় কেউ হতাহত হয়েছেন কি না, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি। জড়িতদেরও শনাক্ত করতে পারেনি পুলিশ।

নিষিদ্ধঘোষিত সংগঠন ছাত্রলীগের আগামীকালের দেশব্যাপী ধর্মঘটকে কেন্দ্র করে এ ঘটনা ঘটতে পারে বলে ধারণা করছেন স্থানীয় বাসিন্দারা। তবে এর পক্ষে কোনো নিশ্চিত তথ্য পাওয়া যায়নি।

মানিকগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনির হোসেন বলেন, কারা এ ঘটনার সঙ্গে জড়িত, তা খতিয়ে দেখা হচ্ছে। তদন্ত শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

LENS ASIA